**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিজ্ঞান এবং উদ্ভাবনকে জনপ্রিয় করে তোলার এবং একটি বিকশিত ভারত গড়ে তোলার জন্য বিজ্ঞানকে কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এইডস প্রতিরোধে সমাজের সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন |**

**(৩) ব্রহ্মপুত্র বোর্ড রাজ্যে ফেনী নদীর পরিকাঠামো উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান অনুমোদন করেছে |**

**(৪) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা আজ বলেছেন, এই বছরের মধ্যে ভারত থেকে যক্ষ্মা নির্মূল করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চলছে ।**

**(৫) মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে ।**

*******************************************

**National Science Day-PM :**

আজ জাতীয় বিজ্ঞান দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন যে কৌতূহল হল বিজ্ঞানের জননী। প্রধানমন্ত্রী বলেছেন যে বিজ্ঞান এবং জ্ঞান একসাথে প্রতিটি সমস্যার সমাধানের দরজা খুলে দেয়। তিনি সকলকে বিজ্ঞান এবং উদ্ভাবনকে জনপ্রিয় করে তোলার এবং বিকশিত ভারত গড়ে তোলার জন্য বিজ্ঞানকে কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন।

##########Byte-PM########

********************************

**National Science Day :**

রাজ্যেও আজ নানা অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান দিবস উদযাপন করা হয়। বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা আজ আগরতলার সুকান্ত একাডেমিতে জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, বিকশিত ভারত গড়তে যুবাদের বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরী ক্ষেত্রে আরও আগ্রহী করে তুলতে হবে। বিজ্ঞান ভিত্তিক বিভিন্ন উদ্ভাবনী কর্মসূচি গ্রহণের মধ্য দিয়ে রাজ্যের ছাত্রছাত্রীদের প্রযুক্তিগত বিষয়েও আরো বেশি করে আগ্রহী করে তুলতে হবে। তবেই বিজ্ঞান আরও জনপ্রিয় হয়ে উঠবে। শ্রী দেববর্মা বলেন, যুবাদের ক্ষমতায়ণে তাদের বিজ্ঞান শিক্ষায় অগ্রাধিকার দিতে হবে। তাই অধ্যাপক, অধ্যাপিকা, শিক্ষক ও শিক্ষিকাগণকে ছাত্রছাত্রীদের বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব ড. কে শশীকুমার, অধিকর্তা মহেন্দ্র সিং প্রমুখ। সুকান্ত একাডেমী প্রাঙ্গণে রাজ্যের বিভিন্ন কারিগরি মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভিন্ন বিজ্ঞান মডেল প্রদর্শন করে।

জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে আজ আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে শহরে সচেতনতামূলক পথসভা ও পথনাটকের আয়োজন করেছে বিজ্ঞান মঞ্চ। ব্রেকথ্রু সায়েন্স সোসাইটির উদ্যোগেও আজ প্যারাডাইস চৌমুহনীতে বিজ্ঞান দিবস উদযাপন করা হয়। কর্মসূচিতে ছিল শপথ বাক্য পাঠ, আলোচনা সভা, হাতে কলমে বিজ্ঞান প্রদর্শনী, টেলিস্কোপের মাধ্যমে আকাশ পর্যবেক্ষণ ইত্যাদি।

সাব্রুমে মাইকেল মধুসূদন দত্ত কলেজেও আজ বিজ্ঞান দিবস উদযাপন করা হয়।

*************************

**CM-AIDS Control :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এইডস প্রতিরোধে সমাজের সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আজ সচিবালয়ে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির অষ্টাদশ সাধারণ সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এই আহ্বান জানান। মুখ্যমন্ত্রী বলেন, এইডস প্রতিরোধে জনপ্রতিনিধিদের সচেতনতামূলক প্রচারে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করতে হবে। তিনি বলেন, এইডস হচ্ছে একটি মারণব্যাধি। রাজ্যের বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে এইডস প্রতিরোধের কাজে যুক্ত করতে হবে। সভায় মুখ্যমন্ত্রী এইডস / এইচআইভি সনাক্তকরণের জন্য স্বাস্থ্য দপ্তরকে তিন মাসের কর্মসূচি নিয়ে একটি বিশেষ অভিযান গ্রহণের জন্য পরামর্শ দেন।

সভায় মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে ৩টি লিংক এ.টি.আর সেন্টারের উদ্বোধন করেন। এই সেন্টারগুলি রয়েছে গোমতী জেলার অমরপুর, ধলাই জেলার গন্ডাতুইসা ও দক্ষিণ জেলার বিলোনীয়া মহকুমা হাসপাতালে। এই সেন্টারগুলি থেকে এইডস / এইচআইভি আক্রান্ত ব্যক্তিরা প্রয়োজনীয় ওষুধ গ্রহণ করতে পারবেন। সভায় মুখ্যমন্ত্রী এইডস আক্রান্ত রোগীদের সময়ে সময়ে পর্যবেক্ষণের জন্য ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটিতে একটি কল সেন্টার স্থাপন করার উপর গুরুত্ব আরোপ করেছেন।

সভায় জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা রাজ্যের বিভিন্ন জেলায় ছাত্রাবাসগুলিতে শিবির করে রক্ত পরীক্ষা করার পরামর্শ দেন। উপস্থিত ছিলেন এডিসি-র কার্যনির্বাহী সদস্য কমল কলই, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডা. সমর্পিতা দত্ত।

****************************

**84th Bramhaputra Board Meeting :**

ব্রহ্মপুত্র বোর্ড রাজ্যে ফেনী নদীর পরিকাঠামো উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান আজ অনুমোদন করেছে। আগরতলার রাজ্য অতিথিশালা সোনারতরীতে আজ কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অধীন ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪তম বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে একথা জানান

ব্রহ্মপুত্র বোর্ডের চেয়ারম্যান ডঃ রণবীর সিং। তিনি জানান, ফেনী নদীর জন্য সাড়ে তিন কোটি টাকার এই প্রকল্পে নদী উপত্যকা এলাকায় কী কী সমস্যা রয়েছে তা চিহ্নিত করে ডিপিআর তৈরি করা হবে। গত আগস্ট মাসে ত্রিপুরায় ভয়াবহ বন্যা নিয়ে তিনি বলেন, বৃষ্টি রোধ করা সম্ভব নয়, তবে, ভবিষ্যতে যেন বন্যার ভয়াবহতা কমানো যায় সে ব্যপারে চিন্তা ভাবনা করা হচ্ছে। তিনি বলেন, গত বছরের এই বন্যার জন্য বহু কারন চিহ্নিত করা হয়েছে। প্রবল বৃষ্টি ছাড়াও ভূমির ব্যবহার, নদীতে মাটির স্তর জমা-বন্যার অন্যতম কারন বলে তিনি উল্লেখ করেন।

#######Byte-Ranabir Sing######

আজকের বৈঠকে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদব, বোর্ডের সদস্য উত্তর পূর্বাঞ্চলের আট রাজ্য ও উত্তরবঙ্গের গোর্খা টেরিটরিয়াল এডমিনিস্ট্রেশনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**JP Nadda :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা আজ বলেছেন, এই বছরের মধ্যে ভারত থেকে যক্ষ্মা নির্মূল করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চলছে। তিনি বলেন, যদিও বিশ্ব ২০৩০ সালের মধ্যে যক্ষ্মা নির্মূল করার প্রতিশ্রুতি দিয়েছে, এই বিষয়ে যেভাবে কাজ চলছে তা অসাধারণ এবং ভারতে এই বছরের মধ্যে যক্ষ্মা নির্মূল করার আশা করা যায়।

আজ সকালে ওড়িশার পুরীতে ভারতের জনস্বাস্থ্যসেবা ব্যবস্থায় ভালো, অনুকরণীয় অনুশীলন এবং উদ্ভাবন বিষয়ক নবম জাতীয় শীর্ষ সম্মেলনের উদ্বোধন করে শ্রী নাড্ডা একথা বলেন।

শ্রী নাড্ডা বলেন, ২০১৭ সালে সরকার একটি নতুন স্বাস্থ্য নীতি গ্রহণের পর অনেক সংস্কার করা হয়েছে। মাতৃমৃত্যু এবং শিশুমৃত্যুর হার বিশ্বব্যাপী হ্রাসের হারের দ্বিগুণ হ্রাস পেয়েছে। অন্যদিকে ম্যালেরিয়া অনেকাংশে নিয়ন্ত্রণ করা হয়েছে। মন্ত্রী আরও বলেন যে, তাঁর মন্ত্রক দেশের প্রতিটি জেলায় ক্যান্সার রোগীদের জন্য ডে-কেয়ার সেন্টার খোলার কথা বিবেচনা করছে। শ্রী নাড্ডা জানান যে ভারতের ৯০ শতাংশ জনসংখ্যা 'আয়ুষ্মান ভারত' যোজনার সুবিধা পাচ্ছে।

*******************************

**100 Days Stop TB :**

১০০ দিনের টি.বি মুক্ত প্রচার অভিযানের ৮৩তম দিনে আজ কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা টি.বি কেন্দ্রে মিডিয়া কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন জেলা T.B আধিকারিক ডাঃ সুভাষ বড়ুয়া, সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজার অনুরাজ সাহা প্রমুখ। কর্মশালায় জানানো হয়, ঊনকোটি জেলাকে টি.বি মুক্ত জেলা হিসাবে পরিগণিত করতে ১০০ দিনের বিশেষ প্রচারাভিযান চলছে। তা চলবে আগামী ১৭ই মার্চ পর্যন্ত। এখন পর্যন্ত ঝুঁকিপূর্ণ ৩৪ হাজার ২০৬ জনের স্ক্রীনিং করা হয়েছে। জেলাতে বর্তমানে সক্রিয় টি.বি রোগির সংখ্যা ৯১ জন। জেলার ৯১টি পঞ্চায়েতের মধ্যে ৫৮টি পঞ্চায়েত টি.বি মুক্ত হয়েছে বলে তারা জানান।

****************************

**ALMCOI :**

উত্তরপূর্বাঞ্চলে দিব্যাঙ্গ ও প্রবীণ নাগরিকদের জন্য পরিষেবা প্রদান ও দিব্যাঙ্গদের সহায়ক সরঞ্জাম সহজলভ্য করার লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গৃহীত হয়েছে। কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থা 'আর্টিফিশিয়াল লিম্বস ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন অফ ইন্ডিয়া' ত্রিপুরার সিপাহিজলা জেলার পূর্ব লক্ষ্মীবিল গ্রামে প্রথম অক্সিলিয়ারি প্রোডাকশন সেন্টার অর্থাৎ সহায়ক সরঞ্জাম উৎপাদন কেন্দ্র স্থাপন করতে চলেছে।

৪৫ কোটি টাকা বিনিয়োগে এই কেন্দ্র উত্তর-পূর্ব ভারতে সহায়ক ডিভাইস উৎপাদন ও পরিষেবা প্রদানের ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা করবে।

আগামীকাল এই ইউনিটের জন্য ভূমিপূজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এবং কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী বি এল ভার্মা।

এই উদ্যোগটি আঞ্চলিক ক্ষমতায়ন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যা দিব্যাঙ্গ ব্যক্তিদের সেবা প্রদানে কেন্দ্রীয় সরকারের অঙ্গীকারকে আরও সুদৃঢ় করবে।

*********************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার কৃষকদের আয় বাড়ানোর জন্য সর্বাত্মক প্রয়াস নিয়েছে। কৃষকদের আর্থিকভাবে উন্নত করতে পারলেই দেশের অগ্রগতি হবে। আজ ধলাই জেলার গন্ডাতুইসায় দ্বিতল বাজারের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। কৃষি দপ্তরের পক্ষ থেকে অনুষ্ঠানে দুইজন সুবিধাভোগীকে দুটি পাওয়ার টিলার প্রদান করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, কৃষি অধিকর্তা ড. ফনিভূষণ জমাতিয়া। বাজারটি নির্মাণে ব্যয় হয়েছে প্রায় ৫ কোটি ৬৬ লক্ষ টাকা।

****************************

**Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার এ.ডি নগরস্থিত আগরতলা পুর নিগমের ৩৯নং ওয়ার্ডে রক্তদান শিবিরের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার। শিবিরে ৬০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**MSME Workshop :**

অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রকের অধীন ডেভেলপমেন্ট এন্ড ফেসিলিটেশন অফিস, আগরতলার উদ্যোগে এবং রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তরের সহযোগিতায় আজ রাজধানীর প্রজ্ঞা ভবনে ফুড প্রসেসিং, প্যাকেজিং এন্ড ই-মার্কেটিং- শীর্ষক জাতীয় পর্যায়ের একদিনের কর্ম শালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে। এছাড়াও উপস্থিত ছিলেন দপ্তরের যুগ্ম অধিকর্তা সব্যসাচী দেববর্মা, কোলকাতাস্থিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং-এর উপ অধিকর্তা ডক্টর বিধান দাস সহ অন্যান্যরা। অনুষ্ঠানে বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যানমুখী প্রকল্পের সাহায্য নিয়ে রাজ্যের প্রাকৃতিক ও বনজ সম্পদকে কাজে লাগিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে রাজ্য ও বর্হিরাজ্যের বিশেষজ্ঞরা ফুড প্রসেসিং, প্যাকেজিং ও সরকারী ই- মার্কেটিং সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে শিল্প দ্যোগী ও স্বসহায়ক দলের সদস্যরা আজকের এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

********************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের পিটিএ মাঠে আসরের ফাইনালে ব্লাডমাউথ ক্লাব ৩ উইকেটে তরুণ সংঘ কোচিং সেন্টারকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে তরুণ সংঘ কোচিং সেন্টার ৪৯ ওভার ৫ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৭৮ রান করে।

জবাবে ব্লাডমাউথ ক্লাব ৪৭ ওভারে ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************